

যশোর শিক্ষা বোর্ডে এবার কমল এসএসসি পরীক্ষার্থী

যশোর প্রতিনিধি

২৪ মার্চ ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



শুরুটা হোক যত্নে



গত বছরের তুলনায় চলতি বছর যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার্থী কমেছে। গত বছর এ বোর্ড থেকে পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ৬২ হাজার ৭০০ জন। এবার সেখানে পরীক্ষার্থী ১ লাখ ৪১ হাজার ৬৪। পরীক্ষার্থী কমেছে ২১ হাজার ৬৩৬ জন। বিষয়টি নিশ্চিত করেছেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. আব্দুল মতিন। শিক্ষকদের সঙ্গে আলাপ করে এর কারণ বেরিয়ে এসেছে।

UNIBOTS

একাধিক প্রধান শিক্ষক জানিয়েছেন, ‘গত বেশ কয়েক বছর ধরে অনেকটা বাধ্য হয়ে টেস্ট পরীক্ষায় পাস করুক বা না করুক সব শিক্ষার্থীকে বোর্ড পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দিতে হতো। মূলত ম্যানেজিং কমিটির সভাপতির চাপে এটা করতে বাধ্য হতেন প্রধান শিক্ষকরা। এখন আর আগের কেউ সভাপতি নেই। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)। তা ছাড়া অধিকংশ শিক্ষা প্রতিষ্ঠান চলছে অ্যাডহক কমিটি দিয়ে। গড়পড়তায় সব শিক্ষার্থীকে বোর্ড পরীক্ষায় পাঠানোর জন্য প্রধান শিক্ষকদের ওপর অনৈতিক কোনো চাপ নেই। এবার টেস্ট পরীক্ষায় একাধিক বিষয়ে যেসব শিক্ষার্থী পাস করতে পারেনি তাদের বোর্ড পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দেওয়া হয়নি। আর এ কারণেই মূলত এবার পরীক্ষার্থীর সংখ্যা কমে গেছে। এটা খারাপ নয়, ভালো দিক। আশা করা যায় এবার পরীক্ষার ফল গত কয়েক বছরের চেয়ে ভালো হবে।’

শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, ১ লাখ ৪১ হাজার ৬৪ পরীক্ষার্থীর মধ্যে ৬৯ হাজার ৮৫ জন ছাত্র ও ৭১ হাজার ৯৭৯ জন ছাত্রী। এদের মধ্যে বিজ্ঞান বিভাগে ৪০ হাজার ১৪৪, মানবিক বিভাগে ৮৫ হাজার ২৩৮ ও ব্যবসায় শিক্ষা বিভাগে শিক্ষার্থী ১৫ হাজার ৬৮২।

যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. আব্দুল মতিন বলেছেন, সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে আগামী ১০ এপ্রিল থেকে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষা গ্রহণের লক্ষ্যে যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ২৯৯ পরীক্ষা কেন্দ্রের সচিবদের নিয়ে মতবিনিময় করে পরীক্ষাসংক্রান্ত নির্দেশনাও দেওয়া হয়েছে। পরীক্ষা আইন অমান্য করলে তাকে আইনের আওতায় আনা হবে।